

## 358038 - ব্যাংকের এটিএম রাখার জন্য জায়গা ভাড়া দেয়ার হুকুম কি?

### প্রশ্ন

ইন্ডিয়াতে এটিএম সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কাছে জায়গা ভাড়া দেয়া কি জায়েয হবে? এটিএম সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কোন ব্যাংক নয়।

### প্রিয় উত্তর

#### Table Of Contents

- সুদী ব্যাংকের এটিএম মেশিন রাখার জন্য জায়গা ভাড়া দেয়া
- নির্দিষ্ট কোন ব্যাংক নয় এমন প্রতিষ্ঠানের এটিএম রাখার জন্য জায়গা ভাড়া দেয়া

### এক:

#### সুদী ব্যাংকের এটিএম মেশিন রাখার জন্য জায়গা ভাড়া দেয়া

কোন সুদী ব্যাংকের এটিএম মেশিন রাখার জন্য জায়গা ভাড়া দেয়া জায়েয নয়। যেহেতু এর মাধ্যমে সুদী ব্যাংকের সাথে লেনদেনে সহযোগিতা করা হয় ও উৎসাহিত করা হয়। যেহেতু অনেক মানুষ ব্যাংক নির্বাচন করে সে ব্যাংকের এটিএম মেশিন সুলভ হওয়ার ভিত্তিতে। আল্লাহ তাআলা বলেন: “সৎকর্ম ও আল্লাহ্‌ভীতিতে একে অন্যকে সাহায্য কর। পাপ ও সীমালঙ্ঘনের ব্যাপারে একে অন্যকে সহায়তা করো না। আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ তাআলা কঠোর শাস্তিদাতা।” [সূরা মায়েরা, আয়াত: ০২]

জাবের (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সুদ গ্রহীতা, সুদদাতা, সুদের লেখক ও সাক্ষীদ্বয়কে লানত করেছেন। তিনি বলেছেন: তাদের সকলের পাপ সমান। [সহিহ মুসলিম (১৫৯৮)]

ইমাম নববী বলেন: “সুদী কারবারকারী দুই পক্ষের চুক্তি লিপিবদ্ধ করা ও দুই পক্ষের সাক্ষী হওয়া হারাম— এ ব্যাপারে এ হাদিস সুস্পষ্ট। এ হাদিসে বাতিল কাজে সহযোগিতা করা হারাম হওয়ার দলিলও রয়েছে।” [শারহ মুসলিম (১১/২৬) থেকে সমাপ্ত]

### দুই:

#### নির্দিষ্ট কোন ব্যাংক নয় এমন প্রতিষ্ঠানের এটিএম রাখার জন্য জায়গা ভাড়া দেয়া

যদি এটিএম সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কোন সুদী ব্যাংকের এটিএম রাখে তাহলে এর হুকুম যেমনটি পূর্বে উল্লেখ করা হয়েছে: এমন প্রতিষ্ঠানের কাছে ভাড়া দেয়া নাজায়েয।

আর যদি বিশেষ কোন ব্যাংকের জন্য নির্দিষ্ট এটিএম না রাখে এবং দেশের মধ্যে কিছু ইসলামী ব্যাংকও থাকে, কিছু সুদী ব্যাংকও থাকে সেক্ষেত্রে ভাড়া দিতে কোন আপত্তি নেই।

আর যদি কোন দেশে কেবল সুদী ব্যাংকই থাকে সেক্ষেত্রেও উক্ত প্রতিষ্ঠানের কাছে ভাড়া দেয়া জায়েয নয়। কারণ পূর্বেই উল্লেখ করা হয়েছে এই এটিএম গুলো এ সকল ব্যাংকের সাথে লেনদেন করা ও এসব ব্যাংকে একাউন্ট খোলার প্রতি উদ্বুদ্ধকারী। তাই জায়গার মালিকও এ কাজে সহায়তাকারী হবেন।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।